



অর্থ মন্ত্রণালয়  
বাৎসরিক বাজেট  
২০০০ - ২০০১

বাজেট বক্তৃতা  
শাহ্ এ এম এস কিবরিয়া  
অর্থমন্ত্রী

( দ্বিতীয় পর্ব )

ঢাকা

২৫শে জ্যৈষ্ঠ, ১৪০৭ বাংলা  
৮ই জুন, ২০০০ ইংরেজী

## দ্বিতীয় পর্ব রাজস্ব কার্যক্রম

মাননীয় স্পীকার,

আমার বাজেট বক্তৃতার প্রথম পর্বে বাজেটের বিভিন্ন প্রস্তাবসহ দেশের অর্থনীতির সার্বিক চিত্র তুলে ধরেছি। দ্বিতীয় পর্বে আমি এই মহান সংসদে সরকারের রাজস্ব সংক্রান্ত বাজেট কার্যক্রম পেশ করতে যাচ্ছি।

আপনি অবগত আছেন যে, আমাদের মত একটি উন্নয়নশীল দেশে মুক্ত বাজার অর্থনীতি এবং বিশ্ব বাণিজ্য উদারিকরণের পরিবেশে সঠিক করনীতি প্রণয়ন ও তার বাস্তবায়ন মোটেই সহজ কাজ নয়। কর নীতির মাধ্যমে একদিকে যেমন বাণিজ্য উদারিকরণের সুফল আহরন করতে হবে অন্যদিকে অবাধ বাণিজ্য নীতির ফলে উদ্ভূত অসম প্রতিযোগিতা থেকে যথাযথ প্রতিরক্ষণের মাধ্যমে দেশীয় শিল্পসমূহকে রক্ষা ও লালন করতে হবে। এছাড়া কর-নীতির মাধ্যমে শিল্পে বিনিয়োগ বৃদ্ধি, আয়ের অসম বন্টন ধীরে ধীরে কমিয়ে আনা এবং দারিদ্র দূরীকরণের মত লক্ষ্য অর্জনের প্রচেষ্টাও চালাতে হবে। বিশ্ববাণিজ্য উদারীকরণের বর্তমান ধারায় একটি বিষয় স্মরণ রাখা প্রয়োজন যে, অবাধ ও অনিয়ন্ত্রিত উদারীকরণ ব্যবস্থা বাংলাদেশের মত একটি উন্নয়নশীল দেশের জন্য নির্ভেজাল আশির্বাদ নয়। বিশ্বায়ন (globalization) এর মৌলিক ধারা অনুসরণ করে আমদানী শুল্ক ও অন্যান্য বাণিজ্য প্রতিবন্ধকতা (trade barriers) ক্রমান্বয়ে এবং যথেষ্ট সতর্কতার সংগে হ্রাস করতে হচ্ছে অন্যথায় তা দেশের জন্য অর্থনৈতিক বিপর্যয় ডেকে আনতে পারে। এ প্রসঙ্গে সম্প্রতি ব্যাংককে অনুষ্ঠিত দশম UNCTAD সম্মেলনের খসড়া প্রস্তাবের অংশটি বিশেষ প্রাধান্যযোগ্য : “The developmental impact of globalization has been mixed: while some developing countries have benefited, others have not. Economic disparities among countries have not been reduced, with the result that a number of developing countries, particularly the LDCs, run the risk of further marginalization.”। আমাদের তাই অর্থনৈতিক উন্নয়ন নীতিমালা প্রণয়ন ও তার বাস্তবায়নে হঁতে হচ্ছে কুশলী, অবলম্বন করতে হচ্ছে সতর্কতা।

## মাননীয় স্পীকার,

০২। নব্বই দশকের প্রথমার্ধে অতিদ্রুত গুরুত্বের ফলে উদ্ভূত সমস্যাবলীর সমাধান বর্তমান সরকারকেই করতে হচ্ছে। অপরিণামদর্শী এসব পদক্ষেপের ফলে হাজার হাজার শিল্প রুগ্ন হয়ে ব্যাংকিং খাতে খেলাপী ঋণের বোঝা বৃদ্ধি করেছে। রুগ্ন শিল্প সংক্রান্ত কমিটির কার্যক্রম সম্মুখে আমি আমার বক্তৃতার প্রথম পর্বে বর্ণনা করেছি। তথাকথিত বিশ্বায়নের স্রোতে গডালিকা প্রবাহে গা না ভাসিয়ে বিচার বিশ্লেষণের মাধ্যমে সুচিন্তিতভাবে আমাদেরকে অগ্রসর হতে হচ্ছে। বিগত এক দশকের অর্থনৈতিক উন্নয়ন অভিজ্ঞতার আলোকে বলা যায় যে, একটি দেশের অর্থনৈতিক সম্ভাবনাকে কাজে লাগিয়ে উন্নয়ন ধারাকে অব্যাহত রাখার জন্য প্রয়োজন ভারসাম্যমূলক সমষ্টিক ব্যবস্থাপনা, নিয়ন্ত্রিত বৈদেশিক ঋণ, বাস্তব বৈদেশিক মুদ্রা বিনিময় হার, অর্থনীতির চাহিদার সঙ্গে সামঞ্জস্যযুক্ত রপ্তানী নীতি এবং দক্ষ শ্রম শক্তি গড়ে তোলার কার্যকর নীতি। দেশের কর কাঠামোকে এই সব ম্যাক্রো নীতির সংগে হতে হবে সংগতিপূর্ণ এবং পরিপূরক। আমরা সেই লক্ষ্যে আগামী বছরের কর প্রস্তাব প্রণয়নের চেষ্টা করেছি। ঐতিহাসিকভাবে লক্ষ্য করা গেছে যে, বিশ্বের বিভিন্ন দেশের অর্থনৈতিক উন্নয়নের সাথে সাথে রাজস্ব আহরণে আমদানি করের গুরুত্ব ক্রমান্বয়ে কমে গিয়ে প্রত্যক্ষ ও ভোগ করের ভূমিকা বৃদ্ধি পায়। স্বয়ংসহায়তা অর্জনের লক্ষ্যে আমরাও ক্রমান্বয়ে আমদানী বাণিজ্য করভিত্তি থেকে ভোগ (consumption) ও প্রত্যক্ষ (direct) করের উপর অধিকতর গুরুত্ব প্রদান করে বিদ্যমান কর ব্যবস্থাকে সহজ, দক্ষ, শক্তিশালী ও কার্যকর করার সম্ভাব্য সকল ব্যবস্থা গ্রহণ করছি।

## মাননীয় স্পীকার,

০৩। বর্তমান গণতান্ত্রিক সরকারের জবাবদীহিতা ও অংশিদারিত্বমূলক (participatory) কর নীতির আলোকে বিগত অর্থবছরগুলোর বাজেটের মত এবারও বাজেট প্রস্তুতি পর্বে আমি সংশ্লিষ্ট সকলের সঙ্গে মত বিনিময় করেছি। মাননীয় সংসদ সদস্যবৃন্দ, দেশের বিভিন্ন শিল্প ও বণিক সমিতি, এনজিও, অর্থনীতিবিদ এবং সাংবাদিকসহ বিভিন্ন গোষ্ঠির সংগে আমি বাজেট প্রস্তাব নিয়ে বিস্তারিত আলোচনা করেছি। তাদের সুপারিশ আমি যথাযথ গুরুত্বের সঙ্গে বিবেচনা করেছি। বিভিন্ন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত বাজেট প্রস্তাবসমূহও বিবেচনা করা হয়েছে। গত বছরের ন্যায় এবারও এফবিসিসিআই এবং জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি সমন্বয়ে গঠিত তিনটি টাস্কফোর্স বেসরকারী খাতের প্রস্তাবসমূহ অত্যন্ত নিবিড়, দীর্ঘ ও অর্থবহ পর্যালোচনা

করেছে। আমি প্রাক বাজেট আলোচনায় অংশগ্রহণকারী সংশ্লিষ্ট সকলকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি। গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থাকে অধিকতর সুদৃঢ় করার লক্ষ্যে বিরোধী দলের মতামত জানার এবং তা বাজেট প্রস্তুতি প্রক্রিয়ায় বিবেচনায় নেয়ার জন্য আমি উদ্যোগ গ্রহণ করেছিলাম। প্রধান বিরোধী দল আমার আমন্ত্রণ সত্ত্বেও এই প্রাক-বাজেট আলোচনায় অংশগ্রহণ না করায় আমি অত্যন্ত দুঃখিত হয়েছি।

মাননীয় স্পীকার,

০৪। বিগত অর্থ বছরের বাজেটে আয়কর, আমদানী শুল্ক ও মূল্য সংযোজন কর বিষয়ে ব্যাপক ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল। দেশের শিল্প ও বাণিজ্য প্রবাহ একটি চলমান (dynamic) বিষয়। তাই শুধু বাজেট ব্যবস্থা গ্রহণ করেই সরকার নিষ্টিং হয়নি। বাজেট পরবর্তী সময়েও দেশের শিল্প ও বাণিজ্যের গুরুত্বপূর্ণ প্রয়োজনে সরকার জরুরী ভিত্তিতে কর বিষয়ক একাধিক নতুন ও সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করেছে। এই ব্যবস্থাগুলি পরিশিষ্ট “ক” তে দেখানো হয়েছে। এই কর ব্যবস্থাগুলি প্রধানত: কর হ্রাসও অব্যাহতি সম্পর্কিত। দেশে ধান-চালের বাম্পার উৎপাদন হওয়ার কারণে মূল্য হ্রাসের ফলে এদেশের কৃষকগণ তাদের উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য থেকে বঞ্চিত হচ্ছিল। তাই দেশের কৃষকদের ন্যায্য প্রতিরক্ষণ প্রদানের স্বার্থে চাল আমদানির উপর ৫ শতাংশ হারে আমদানি শুল্ক আরোপ করা হয়েছে।

মাননীয় স্পীকার,

০৫। ১৯৯৯-২০০০ বাজেটে অনুমোদিত প্রস্তাবের ভিত্তিতে ১৫ই ফেব্রুয়ারী, ২০০০ তারিখ থেকে অধিকাংশ আমদানি পণ্য খালাসের ক্ষেত্রে বাধ্যতামূলক প্রি-শিপমেন্ট ইন্সপেকশন পদ্ধতি (PSI) চালু করা হয়েছে। পণ্য খালাস পদ্ধতি সহজ, হয়রানীমুক্ত ও দ্রুত করার জন্য দেশের শিল্প ও বাণিজ্য সংগঠনসমূহ ও ব্যবসায়ীমহলের দীর্ঘ দিনের দাবীর পরিপ্রেক্ষিতে তাদের সঙ্গে দীর্ঘ আলোচনা ও পরীক্ষা-নিরীক্ষার আলোকে এই পদ্ধতি চালু করা হয়। আশা করা যাচ্ছে যে, PSI পদ্ধতি আমদানিকৃত পণ্যের মূল্য, বিবরণ, শ্রেণী বিন্যাস ও গুণগত মান সম্পর্কে মিথ্যা ঘোষণা বহুলাংশে হ্রাস করে শুল্ক ফাঁকি রোধের মাধ্যমে আমদানি পর্যায়ে রাজস্ব আয় বৃদ্ধিতে বলিষ্ঠ ভূমিকা রাখবে। পিএসআই কোম্পানী কর্তৃক ইস্যুকৃত Clean Report of Findings (CRF) এর ভিত্তিতে ৯৫ শতাংশ আমদানি চালান শুদ্ধায়ন ও দ্রুত খালাসের পদ্ধতি চালু করা হয়েছে। পূর্বে প্রচলিত আমদানিকৃত পণ্যের কায়িক পরীক্ষা পদ্ধতি পরিবর্তন

করে কম্পিউটার দৈবচয়নের মাধ্যমে সর্বোচ্চ ৪% এবং কাস্টমস্ কমিশনার কর্তৃক মাত্র ১% চালান কার্যিক পরীক্ষার বিধান করা হয়েছে। এর ফলে কাস্টম হাউস/শুল্ক বন্দর থেকে পণ্য খালাসের গড়-পড়তা সময় কমে আমদানি পণ্য খালাসে প্রদেয় ডেমারেজ খরচ হ্রাস পাচ্ছে। এই প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন যে নতুন একটি ব্যবস্থা চালু করতে গিয়ে প্রাথমিক অসুবিধা (Teething problems) হওয়া স্বাভাবিক। এগুলি যথাযথ পর্যালোচনা করে দ্রুততম সময়ে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের জন্য আমি জাতীয় রাজস্ব বোর্ডকে নির্দেশ দিয়েছি। বোর্ড ব্যবসায়ী সংগঠনসমূহ, ব্যাংক ও PSI কোম্পানীসহ সংশ্লিষ্ট সকলের সংগে নিয়মিত আলোচনার মাধ্যমে বিভিন্ন পদক্ষেপও গ্রহণ করেছে। উল্লেখ্য প্রাথমিকভাবে ৫০০০ ইউএস ডলার ও তদুর্ধ্ব মূল্যের চালানের ক্ষেত্রে PSI বাধ্যতামূলক করা হয়েছিল। কিন্তু লক্ষ্য করা গেছে যে, শুল্ক ফাঁকি দেয়ার জন্য কোন কোন আমদানিকারক একটি বৃহৎ চালানকে একাধিক চালানে ভেঙে আমদানি করছেন। তাই সরকারী রাজস্ব সংরক্ষণের স্বার্থে সম্প্রতি মূল্যমান নির্বিশেষে অব্যাহতি প্রাপ্ত পণ্য ব্যতিত অন্যান্য সকল চালানের ক্ষেত্রে PSI বাধ্যতামূলক করা হয়েছে। মার্চ পর্যায়ের PSI পদ্ধতি বাস্তবায়ন ও উদ্ভূত সমস্যার আলোকে এই বাজেটেও এতদসংক্রান্ত বিধানাবলী প্রয়োজনীয় সংশোধনের ব্যবস্থা করা হয়েছে। আমার দৃঢ় বিশ্বাস PSI পদ্ধতি এর অভিষ্ঠ লক্ষ্য অর্জন করতে সক্ষম হবে।

মাননীয় স্পীকার,

০৬। আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, বাংলাদেশ সরকার বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) এর মূল্য (Valuation) সংক্রান্ত চুক্তি স্বাক্ষরকারী একটি দেশ। এই আন্তর্জাতিক চুক্তি বাস্তবায়নে বাংলাদেশের অঙ্গীকার পূরণের জন্য ১৫ই ফেব্রুয়ারী, ২০০০ সন থেকে শুল্ক মূল্যায়নের ক্ষেত্রে পূর্বের প্রচলিত ব্রাসেলস্ ভ্যালু পদ্ধতির পরিবর্তে Transaction Value বা বিনিময় মূল্য নীতিমালা চালু করা হয়েছে। কেবলমাত্র কতিপয় পেট্রোলিয়ামজাত পণ্য ব্যতিত প্রায় ২২০০টি পণ্যের ট্যারিফ মূল্য বিলুপ্ত করা হয়েছে। আমদানিপণ্যের ক্ষেত্রে প্রকৃত মূল্যের ভিত্তিতে আমদানি চালান শুদ্ধায়ন ব্যবস্থা বাংলাদেশকে পণ্য শুদ্ধায়নে আধুনিক ধারার সংগে পুরোপুরিভাবে সম্পৃক্ত হতে সহায়তা করবে।

## প্রত্যক্ষ কর

### আয়কর

মাননীয় স্পীকার,

৭। আমি এখন প্রত্যক্ষ করের ক্ষেত্রে আমাদের রাজস্বের প্রধান উৎস আয়কর সংক্রান্ত প্রস্তাবসমূহ উপস্থাপন করছি। আয়কর কেবল রাজস্ব আহরণের একটি উৎসই নয় - অর্থ সামাজিক ন্যায় বিচার বিধানেও এর ভূমিকা অত্যন্ত তাৎপর্যপূর্ণ। এবারে আয়কর ব্যবস্থায় তাই বেশ কিছু পরিবর্তনের প্রস্তাব করা হয়েছে। এ পরিবর্তনের মূল লক্ষ্য হলো সীমিত আয়ের ব্যক্তিদের জন্য কর হার হ্রাস করা, আয়করের ভিত্তি সম্প্রসারণ করা, কর ফাঁকি রোধ করা, শিল্পায়নে বিনিয়োগের বর্তমান সুবিধা সম্প্রসারণ করা, অপ্রদর্শিত আয় ঘোষণা উৎসাহিত করা এবং বিদ্যমান আইনের বিভিন্ন জটিলতা দূর করে সামগ্রিকভাবে আয়কর ব্যবস্থাকে যুগোপযোগী ও বাস্তবভিত্তিক করা।

মাননীয় স্পীকার,

৮। ক) বর্তমানে ব্যক্তিশ্রেণীভুক্ত করদাতাদের জন্য প্রথম ৭৫,০০০/- টাকা পর্যন্ত মোট আয় করমুক্ত। এই সীমা বৃদ্ধির জন্য বিভিন্ন মহলের সুপারিশ এবং জীবন যাত্রার প্রকৃত ব্যয়ের বিষয় বিবেচনা করে করমুক্ত আয়ের সীমা ৭৫,০০০/- টাকা হতে ১,০০,০০০/- টাকায় বৃদ্ধি করার প্রস্তাব করা যাচ্ছে। ব্যক্তিশ্রেণীর করদাতাদের ক্ষেত্রে করমুক্ত আয়ের সীমা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে পরিশিষ্ট 'খ' অনুসারে কর হার পূর্ণবিনিয়োগের প্রস্তাব করা হলো।

খ) বর্তমানে দশ লক্ষ টাকার উর্দ্ধে সম্পদ থাকলে প্রদেয় আয়করের উপর ১০% হারে সারচার্জ প্রদান করতে হয়। ত্রিশ লক্ষ টাকা পর্যন্ত সারচার্জের এই হার বহাল রেখে তদুর্ধ্ব সম্পদের ক্ষেত্রে ১৫% হারে সারচার্জ ধার্যের প্রস্তাব করছি। সম্পদের ভিত্তিতে সারচার্জের হারকে যৌক্তিকীকরণের জন্য এই প্রস্তাব করা হয়েছে।

গ) অর্থ বৎসরের শেষপ্রান্তে বাজেটে ঘোষিত আয়কর হার একই আয় বৎসরে উদ্ভূত আয়ের উপর প্রয়োগযোগ্য হওয়ায় উক্ত হার অনুযায়ী বর্তমানে অগ্রীম আয়কর পরিশোধ এবং আয়কর পরিকল্পনায় করদাতাগণ জটিলতার সম্মুখীন হন। এ জটিলতা নিরসণের জন্য বাজেট ২০০০-২০০১ এ নির্দিষ্টকৃত আয়কর হার এবং বিনিয়োগ ভাতা দুই অর্থ বৎসরে অর্থাৎ ২০০০-

২০০১ এবং ২০০১-২০০২ কর বছরের জন্য প্রয়োগযোগ্য করার প্রস্তাব করছি। এর ফলে এখন থেকে বাজেটে ঘোষিত আয়কর হার এবং বিনিয়োগভাতা পরবর্তী অর্থ বছরের ক্ষেত্রে প্রযোজ্য হবে যা সকল করদাতাকে পরিকল্পিত উপায়ে বিনিয়োগ ও কর পরিশোধে সাহায্য করবে।

ঘ) বর্তমান আয়কর আইনে ব্যক্তি শ্রেণীর করদাতার প্রতি বছর ১৫ই সেপ্টেম্বরের মধ্যে রিটার্ন দাখিল করতে হয়। অনেকক্ষেত্রে করদাতাদের পক্ষে এই সময়ের মধ্যে প্রয়োজনীয় তথ্য, ব্যাংক প্রত্যয়নপত্রসহ বিবরণী ইত্যাদি সংগ্রহ করা সম্ভব হয় না। প্রতি বছর তাই রিটার্ন দাখিলের সময়সীমা বৃদ্ধির জন্য করদাতাদের পক্ষ থেকে দাবী উত্থাপন করা হয়। এসব বিবেচনা করে রিটার্ন দাখিলের সর্বশেষ তারিখ ১৫ই সেপ্টেম্বরের পরিবর্তে ৩০শে সেপ্টেম্বর করার প্রস্তাব করা হলো। সময়সীমা স্থায়ীভাবে পরিবর্তনের কারণে ভবিষ্যতে নির্ধারিত সময়সীমা বৃদ্ধি না করার নীতি অনুসৃত হবে।

### মাননীয় স্পীকার,

৯। ক) নতুন প্রতিষ্ঠিত শিল্প প্রতিষ্ঠান, পর্যটন শিল্প ও ভৌত অবকাঠামোকে প্রদত্ত কর অবকাশ সংক্রান্ত বিধানের মেয়াদ ৩০শে জুন ২০০০ ইং তারিখে উত্তীর্ণ হবে। শিল্পায়নকে উৎসাহ প্রদানের লক্ষ্যে এই বিধানের মেয়াদ আরও দুই বছর অর্থাৎ ৩০ শে জুন ২০০২ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব করা হল। একই ভাবে নতুন প্রতিষ্ঠিত শিল্প প্রতিষ্ঠানকে প্রদেয় ত্বরান্বিত অবচয়ভাতা প্রদান সংক্রান্ত বিধানের মেয়াদও ৩০ শে জুন ২০০২ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব করা হল। সম্ভাবনাময় পর্যটন শিল্পের উন্নয়ন ও বিকাশের জন্য সিটি কর্পোরেশন এলাকায় ৬০ টির স্থলে ৩০ কক্ষ বিশিষ্ট এবং অন্যান্য এলাকায় ৩০টির স্থলে ১০ কক্ষ বিশিষ্ট হোটেলকে কর অবকাশ সুবিধা প্রদানের প্রস্তাব করছি।

খ) কাংখিত প্রবৃদ্ধি অর্জন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য পুঁজিবাজারের যথাযথ বিকাশ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যে বেশী লভ্যাংশ ঘোষণা করলে কর রেয়াত প্রদান, লভ্যাংশ আয়ের কর অব্যাহতি সীমা বৃদ্ধি, সেকেন্ডারী মার্কেট হতে ক্রয়কৃত শেয়ারকে বিনিয়োগ সুবিধা প্রদান এবং প্রাথমিক শেয়ারে বিনিয়োগকে অতিরিক্ত সুবিধা প্রদান বিষয়ে বিভিন্ন প্রস্তাব করা হয়েছে যা পরিশিষ্ট “খ” তে দেখানো হলো।

১০। ক) দেশে উল্লেখযোগ্য পরিমাণ অপ্রদর্শিত আয় (undisclosed income) বিদ্যমান আছে বলে ধারণা করা হয়। ইতোপূর্বে অপ্রদর্শিত আয় বিনিয়োগ করার

সুযোগ দেয়া হলেও ঘোষণার ক্ষেত্রে বিভিন্ন শর্ত রাখায় আশাব্যঞ্জক সাড়া পাওয়া যায়নি। বিষয়টি সার্বিক বিবেচনা করে ১লা জুলাই, ২০০০ ইং হতে ৩০শে জুন, ২০০১ সময়বৃত্তে কোন প্রকার শর্ত ব্যতিরেকে ১০ শতাংশ হারে আয়কর প্রদান সাপেক্ষে অপ্রদর্শিত আয় ঘোষণার সুযোগ দেয়ার প্রস্তাব করা হলো। কর বিভাগ কোন প্রশ্ন ব্যতিরেকে এরূপ ঘোষণা গ্রহণ করবে।

খ) কর ফাঁকির তথ্য প্রদান ও বকেয়া কর আদায়ে বিশেষ অবদানের জন্য নগদ পুরস্কার প্রদানের প্রস্তাব করছি। এর ফলে কর ফাঁকি হ্রাস পাবে বলে আশা করা যায়।

গ) উচ্চ কর প্রদানকারী করদাতাদের রাষ্ট্রীয় পর্যায়ে স্বীকৃতি, সম্মান ও বিভিন্ন সুবিধা প্রদান করা হলে করদাতারা কর প্রদানে উৎসাহিত হবেন বলে আমরা মনে করি। এজন্য জাতীয় রাজস্ব বোর্ড নীতিমালা প্রনয়ন করেছে। প্রতি বৎসর এরূপ সর্বোচ্চ কর প্রদানকারীদের তালিকা প্রণয়ন করে জাতীয় রাজস্ব বোর্ড তাদের ভি আই পি কার্ড প্রদান করবে। এসব কর প্রদানকারী ভি আই পি দেয় রাষ্ট্রীয় অনুষ্ঠানে আমন্ত্রণসহ অন্যান্য স্বীকৃতি ও সম্মান প্রদানের প্রস্তাব করছি।

মাননীয় স্পীকার,

১১। ক) কেবলমাত্র কর হার হ্রাস করলেই জনসাধারণ স্বতঃ প্রনোদিত হয়ে আয় ঘোষণা বা কর প্রদান করতে এগিয়ে আসবেন না। এজন্য কর নির্ধারণ প্রক্রিয়া সহজ করা প্রয়োজন। বর্তমানে স্ব-নির্ধারণী পদ্ধতিতে করদাতারা আয়কর রিটার্ন দাখিল করতে পারলেও এরূপ পদ্ধতিতে বেশ কিছু শর্ত জড়িত আছে।

বর্তমান স্ব-নির্ধারণী পদ্ধতিতে ব্যক্তিশ্রেণীর করদাতা কোন কোম্পানীর পরিচালক এবং পরিশোধিত মূলধনের দশ শতাংশের মালিক হলে স্ব-নির্ধারণী রিটার্ন দাখিল করতে পারেন না। ব্যবসা বা পেশা আয়ের ক্ষেত্রে প্রারম্ভিক পুঁজি দশ লক্ষ টাকার বেশী থাকলে প্রথম বৎসর এ পদ্ধতি গ্রহণ করা যায় না। সর্বশেষ নিরূপিত আয় অপেক্ষা কম আয় এবং লোকসান বা রিফান্ডের ক্ষেত্রেও এ পদ্ধতি প্রযোজ্য হয় না। এই পদ্ধতি বর্তমান বলবৎ শর্তসমূহ বিলোপের প্রস্তাব করছি। স্ব-নির্ধারণী পদ্ধতিকে সম্প্রসারণ করার লক্ষ্যে ব্যবসা আয়ের ক্ষেত্রে প্রারম্ভিক পুঁজির সীমা দশ লক্ষ টাকা থেকে বিশ লক্ষ টাকায় বৃদ্ধির প্রস্তাবও করা হল।

খ) বিদ্যমান আইনে প্রথম আপীল দায়েরের পূর্বশর্ত হিসাবে করদাতা কর্তৃক কর পরিশোধের বিধান বাতিলের প্রস্তাব করা যাচ্ছে। একই সংগে প্রথম আপীল আদেশের বিরুদ্ধে ট্রাইবুনালে মামলা দায়েরের পূর্বশর্ত হিসেবে আপীল আদেশ অনুযায়ী প্রদেয় কর এবং স্বীকৃত



আয়ের উপর করের পার্থক্যের ২০ শতাংশ কর প্রদানের বিধান পরিবর্তন করে তা দশ শতাংশে হ্রাস করার প্রস্তাব করা হলো।

১২। ক) কার্যকর কর আদায়ের লক্ষ্যে কর ভিত্তি সম্প্রসারণ করা প্রয়োজন। এজন্য কতিপয় ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে টি আই এন সার্টিফিকেট দাখিলের যে বিধান আছে তা তিনটি ক্ষেত্রে সম্প্রসারণের প্রস্তাব করছি :

- (১) জেনারেল ইন্সুরেন্স সার্ভেয়ারদের লাইসেন্স/ এনলিস্টমেন্ট প্রদান বা নবায়ন;
- (২) সিটি কর্পোরেশন এলাকায় জমি, দালান বা এপার্টমেন্ট ক্রয়;
- (৩) ভাড়া ব্যবহৃত হয়না এরূপ জীপ, কার বা মাইক্রোবাসের রেজিস্ট্রেশন গ্রহন বা ফিটনেস নবায়ন।

খ) যানবাহন ক্রয়, সিটি কর্পোরেশন এলাকায় সম্পত্তি ক্রয় ইত্যাদি ক্ষেত্রে উল্লেখযোগ্য বিনিয়োগ জড়িত থাকে। এসব বিনিয়োগ করদাতার আয় নিরূপনের গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে কাজ করতে পারে। তাই এ জাতীয় ক্ষেত্রে গাড়ীর ব্লু-বুকে কিংবা জমির রেজিস্ট্রীকৃত বা নোটারাইজড দলিলপত্রে বাধ্যতামূলকভাবে TIN উল্লেখ করার বিধান প্রণয়নের প্রস্তাব করা হলো।

গ) বর্তমানে ব্যবসা বা পেশাজীবী করদাতাদের প্রতি বছর ৩১শে ডিসেম্বরের মধ্যে TIN সার্টিফিকেট সংগ্রহ ও তা ব্যবসা স্থানে টাঙ্গিয়ে রাখার বিধান আছে। এই TIN সার্টিফিকেট প্রত্যেক বছর সংগ্রহ করতে হয়। TIN সার্টিফিকেট একটি স্থায়ী নম্বর বিধায় করদাতাদের অযথা হয়রানি কমানোর জন্য প্রতি বৎসরের স্থলে ব্যবসা শুরুর ছয় মাসের মধ্যে TIN সার্টিফিকেট সংগ্রহ করে তা স্থায়ীভাবে ব্যবসা প্রতিষ্ঠানে টাঙ্গিয়ে রাখার বিধান করার প্রস্তাব করা হলো।

১৩। ক) উৎসে কর আদায়ের পরিধি সম্প্রসারণ এবং কর নির্ধারণ প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে উৎসে কর্তৃত করকে চূড়ান্ত করদায় হিসেবে গণ্য করার জন্য কতিপয় প্রস্তাব করছি। উৎসে কর কর্তনের পরিধি সম্প্রসারণের পাশাপাশি কতিপয় ক্ষেত্রে উৎসে কর কর্তনের বিধান প্রত্যাহার এবং পুনর্বিব্যাখ্যা করাও প্রয়োজন। এ সকল প্রস্তাবের বিস্তারিত বিবরণ পরিশিষ্ট 'খ' তে দেখা যেতে পারে।

খ) ব্যক্তিগত করদাতাদের কর মুক্ত আয়ের সীমা বৃদ্ধির প্রেক্ষিতে ঠিকাদার ও সরবরাহকারীকে বিল প্রদান এবং বাড়ীভাড়া প্রদানের ক্ষেত্রে উৎসে কর কর্তন এবং সংগ্রহ এর হার পরিশিষ্ট ‘খ’ অনুসারে পূর্বন্যাস করার প্রস্তাব করছি।

গ) বর্তমানের মুক্তবাজার অর্থনীতিতে বেসরকারী সংস্থার গুরুত্বের কারণে প্রাইভেট লিমিটেড কোম্পানীসমূহকে ঠিকাদার ও সরবরাহকারীদের নিকট হতে উৎসে কর কর্তন কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব প্রদানের প্রস্তাব করছি।

মাননীয় স্পীকার,

১৪। ক) বাস, মিনিবাস, ট্রাক, ট্যাংকলরি, কোস্টার ইত্যাদির উদ্ভূত আয়ের ক্ষেত্রে অনুমিত আয়কর প্রদানের বিধান আছে। পরিবহন খাতের প্রবৃদ্ধি বিবেচনা করে এই হার পরিশিষ্ট ‘খ’ অনুসারে কিছুটা পুনর্বিন্যাসের প্রস্তাব করা হল। তবে দশ বৎসরের বেশী পুরাতন যানবাহনের ক্ষেত্রে বর্তমান হার অপরিবর্তিত থাকবে।

খ) নির্দিষ্ট হারে কর পরিশোধ করলে বাড়ী নির্মান বা এ্যাপার্টমেন্ট ক্রয়ের ক্ষেত্রে কোন প্রশ্ন ব্যতিরেকে বিনিয়োগ গ্রহণ করার বিধান আছে। ছোট আয়তনের বাড়ী নির্মান/এ্যাপার্টমেন্ট ক্রয়ের ক্ষেত্রে এ করের হার হ্রাস করার ও বৃহদাকার দালান বা এ্যাপার্টমেন্টের ক্ষেত্রে এ করের হার পরিশিষ্ট “খ” অনুসারে সংশোধন করার প্রস্তাব করছি।

গ) বিনামূল্যে নমুনা প্রদানে জন্য ব্যবসায়িক খরচ অনুমোদনের একটি সর্বোচ্চ সীমা আয়কর বিধিতে রয়েছে। ঔষধ কোম্পানীসমূহ হতে এ রেয়াত বাড়ানোর জন্য অনুরোধ এসেছে। শুধুমাত্র ঔষধ শিল্পের পণ্য বাজারজাতকরণের সুবিধার্থে বর্তমানে নির্ধারিত সীমা পরিশিষ্ট ‘খ’ অনুসারে বৃদ্ধির প্রস্তাব করছি। আমি আশা করছি যে, এদেশের ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ এতে বিদেশে ঔষধ রপ্তানিরও উদ্যোগ গ্রহণ করতে সক্ষম হবে।

ঘ) দাতব্য প্রতিষ্ঠান, ট্রাস্ট ইত্যাদির ব্যবসা হতে উদ্ভূত আয়কে ১লা জুলাই, ১৯৯৯ইং থেকে করযোগ্য করা হয়েছে। দেশে দারিদ্র দূরীকরণ ও কর্মসংস্থানে micro credit নিঃসন্দেহে অতীব গুরুত্বপূর্ণ অবদান রাখছে। এ প্রয়াস যাতে ব্যাহত না হয়, সেজন্য micro credit থেকে উদ্ভূত আয়কে কর অব্যাহতি প্রদানের প্রস্তাব করছি।

ঙ) সেবা ধর্মী কাজে পৃষ্ঠপোষকতাকে উৎসাহিত করার লক্ষ্যে প্রতিবন্ধী কল্যাণ কেন্দ্র এবং নগর এলাকার বাইরে অবস্থিত দাতব্য হাসপাতালে প্রদত্ত দানকে কর রেয়াত প্রদানের প্রস্তাব করছি।

মাননীয় স্পীকার,

১৫। বর্তমান অর্থবছরে আয়কর আইন ও বিধিতে বিভিন্ন সংশোধনের মূল উদ্দেশ্য হলো আয়কর আইনকে যুগোপযোগী ও বাস্তবসম্মত করার মাধ্যমে কর প্রশাসন ও করদাতাদের মধ্যে পারস্পরিক আস্থা বৃদ্ধি, বিনিয়োগের জন্য অনুকূল পরিবেশ সৃষ্টি ও অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহের গতি ত্বরান্বিত করা। আমি আশা করছি যে, নতুন পরিবেশে করদাতাগণ ন্যায্য কর প্রদানে এগিয়ে আসবেন এবং এর মাধ্যমে অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহের ক্ষেত্রে আয়করের ভূমিকা আরো সুসংহত হবে।

### পরোক্ষ কর

#### আমদানি শুল্ক:

মাননীয় স্পীকার,

১৬। আমি এখন ২০০০-২০০১ অর্থ বছরের আমদানি শুল্কহার সম্পর্কিত প্রস্তাবের উল্লেখযোগ্য দিকসমূহ তুলে ধরছি। বিগত চার বাজেটে আমি আঞ্চলিক দেশসমূহ ও বিশ্ব বাণিজ্যের ধারার সংগে সংগতি রেখে আমাদের আমদানি শুল্কহার পরিকল্পিতভাবে পুনর্বিন্যাসের প্রচেষ্টা নিয়েছি। এই প্রচেষ্টার ফলশ্রুতি হিসেবে আমাদের শুল্ক কাঠামো অনেক সরল ও যৌক্তিক হয়ে এসেছে। বর্তমানে বাংলাদেশে ৫, ১৫, ২৫ ও ৩৭.৫ শতাংশ শুল্কহারের মাত্র ৪টি ধাপ বিদ্যমান রয়েছে। রপ্তানী বৃদ্ধি, স্থানীয় শিল্পের বিকাশ, শুল্কায়ন সহজতর করা, শুল্কহারের সামঞ্জস্য বিধান করা, কৃষি ও কৃষিভিত্তিক শিল্পের বিকাশে সহায়তা করা, চোরাচালান নিরুৎসাহিত ও নিরোধ করা এবং ভোক্তা জনসাধারণের কাছে ভোগ্যপণ্য সুলভ ও সহজলভ্য করার বিষয়ে বর্তমান সরকারের মৌলিক নীতি বর্তমান বাজেটেও অব্যাহত থাকবে। শিল্প উন্নয়নে সহায়তা এবং দেশীয় শিল্পের ন্যায্য প্রতিরক্ষণের স্বার্থে সাধারণভাবে মৌলিক কাঁচামালের শুল্কহার ৫

শতাংশ, মধ্যবর্তী কাঁচামাল ও Semi-finished পণ্যের শুদ্ধহার যথাক্রমে ১৫ ও ২৫ শতাংশ এবং সম্পূর্ণ প্রস্তুত পণ্যের ক্ষেত্রে ৩৭.৫ শতাংশ শুদ্ধহার প্রয়োগের নীতির ধারাবাহিকতা বর্তমান বাজেটেও অক্ষুন্ন রাখা হয়েছে। তাই বর্তমান বাজেটে বিগত বছরের মত শিল্পের কাঁচামাল ও মধ্যবর্তী পণ্যের উপর ব্যাপকভাবে শুদ্ধ হ্রাসের প্রস্তাব করা হয়েছে। দেশীয় শিল্পের ন্যায্য সংরক্ষণের স্বার্থে মাত্র স্বল্প সংখ্যক প্রস্তুত পণ্যের ক্ষেত্রে শুদ্ধহার বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। এতদসংক্রান্ত বিস্তারিত বিবরণ ও সম্ভাব্য রাজস্ব ক্ষতি বা বৃদ্ধির সার-সংক্ষেপ পরিশিষ্ট - “গ” হিসেবে দেখানো হয়েছে।

### মাননীয় স্পীকার,

১৭। শিল্প বাংলাদেশে বৈদেশিক মুদ্রা অর্জন এবং কর্মসংস্থানে অতীব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই খাতের ভবিষ্যত সুদৃঢ় করতে হলে বস্ত্র শিল্পসহ সকল পশ্চাদ-সংযোগ (backward-linkage) শিল্পের উন্নয়ন ও বিকাশ একান্ত অপরিহার্য। রপ্তানিমুখী শিল্পের গুরুত্বের কথা বিবেচনা করে বিগত অর্থ বছরের বাজেটের অনুসরণে এই বাজেটেও বস্ত্র, পাদুকা, চামড়া ও অনুরূপ অন্যান্য শিল্পে ব্যবহার্য বিভিন্ন দ্রব্যাদির উপর শুদ্ধহার হ্রাস করার প্রস্তাব করছি। বর্তমানে দেশে গ্রেড ওয়েস্ট, ইয়ার্ন ওয়েস্ট ও কটন ফেব্রিকস ওয়েস্ট থেকে পুনঃপ্রক্রিয়াকরণের মাধ্যমে তুলায় রূপান্তরিত করে স্বল্প খরচে সূতা তৈরীর শিল্প গড়ে উঠেছে। তাই এই সকল কাঁচামালের উপর শুদ্ধহার হ্রাসের প্রস্তাব করা হচ্ছে।

১৮। সিরামিক ও মেলামাইন এই দুইটি শিল্প দেশের রপ্তানি খাতে ক্রমান্বয়ে গুরুত্বপূর্ণ অবদান রাখতে শুরু করেছে। এই শিল্পকে অব্যাহত সহায়তা প্রদানের জন্য এ বছরও এই শিল্পের কাঁচামাল জিংক অক্সাইড, এলুমিনিয়াম হাইড্রক্সাইড, বেরিয়াম কার্বনেট এবং ট্রান্সফার ডিকালকোমেনিয়া পেপারের উপর বিদ্যমান আমদানি শুদ্ধহার হ্রাস করার প্রস্তাব করছি।

১৯। দেশে উৎপাদিত দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য জনসাধারণের চাহিদার একটি অতি ক্ষুদ্র অংশ পূরণ করতে পারে মাত্র। অথচ দুধ শিশুসহ সকল শ্রেণীর মানুষের একটি মৌলিক খাদ্য। দেশের গবাদিপশুর চারণ ভূমির স্বল্পতার কারণে অদূর ভবিষ্যতে স্থানীয় ডেইরী শিল্প দেশে দুধের সম্পূর্ণ চাহিদা পূরণে সক্ষম হবে বলে প্রতীয়মান হয় না। তাই দেশে দুধের সরবরাহ বৃদ্ধির পাশাপাশি দুগ্ধজাত শিল্পের মূল্য সংযোজন উৎসাহিত করার লক্ষ্যে বাল্কে আমদানিকৃত গুড়ো দুধের শুদ্ধহার ৩৭.৫ শতাংশ থেকে ২৫ শতাংশে হ্রাস করার প্রস্তাব করছি।

মাননীয় স্পীকার,

২০। কৃষি প্রধান বাংলাদেশের কৃষকদের আয় বৃদ্ধি এবং রপ্তানি পণ্যের বহুমুখীকরণ (diversification) এর লক্ষ্যে সরকার কৃষি নির্ভর শিল্প খাতে (agro-processing) যন্ত্রপাতি, যন্ত্রাংশ, কাঁচামাল এবং মোড়ক সামগ্রীর উপর শুল্কহার হ্রাসসহ সকল প্রকার সহায়ক সুবিধাদি প্রদান করে আসছে। এই নীতির সম্প্রসারণ হিসেবে বর্তমান বছরে কৃষিখাত নির্ভর শিল্পের ব্যবহার্য ক্লোরিন, ফ্লোরিন, ব্রোমিন, আয়োডিন, সজী চাষের মাচা, নার্সারী ট্রে, ট্রেট্রাপেক, ফিলটার পেপার, UV net, storage equipment made of PVC with zipper, বর্জ্য দস্তা, টিন ও দস্তার গুড়া, পাউডার, চূর্ণ ও ফ্লেক এবং ক্রীম সেপারেটর এর শুল্কহার ৫ শতাংশ থেকে শূণ্যতে হ্রাস করার প্রস্তাব করছি। রপ্তানিমুখী চা শিল্পকে সহায়তা প্রদানের জন্য চা উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের বিভিন্ন স্তরের ড্রাইং এর কাজে ব্যবহৃত industrial fan and blower এর শুল্কহার সর্বোচ্চ ৩৭.৫ শতাংশ থেকে হ্রাস করে ৫ শতাংশ নির্ধারণের প্রস্তাব করছি।

২১। এটি অত্যন্ত আনন্দের বিষয় যে, ক্ষুদ্র পরিসরে হলেও দেশে ওয়াটার বেইসড পলিমার রেজিন উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠছে। এই শিল্পকে সহায়তা প্রদানের লক্ষ্যে এই শিল্পের কতিপয় কাঁচামালের শুল্কহার হ্রাস করার প্রস্তাব করছি। এ ব্যাপারে বিস্তারিত তথ্য পরিশিষ্ট “গ” এ দেখানো হয়েছে।

মাননীয় স্পীকার,

২২। দেশের সম্ভাবনাময় বৈদ্যুতিক সরঞ্জাম উৎপাদনকারী শিল্পকে সকল প্রকার সহায়তা প্রদানের লক্ষ্যে এই শিল্পে ব্যবহৃত বিভিন্ন কাঁচামালের উপর বর্তমানে প্রযোজ্য বিভিন্ন ধাপের শুল্কহার সমন্বিত ও হ্রাস করার প্রস্তাব করা হচ্ছে। এ ব্যাপারে বিস্তারিত তথ্য পরিশিষ্ট “গ” এ দেখানো হয়েছে। ফসফেট ও পলিফসফেট দেশীয় একাধিক শিল্পের প্রয়োজনীয় কাঁচামাল এই বিবেচনায় একই নীতি অনুসরণে এদের উপর প্রযোজ্য শুল্কহার ১৫ শতাংশ থেকে হ্রাস করে ৫ শতাংশ করার প্রস্তাব করছি।

## মাননীয় স্পীকার,

২৩। স্ট্রু নগরায়নের (urbanization) অন্যতম প্রধান উপকরণ হলো একটি সহজলভ্য গণপরিবহণ ব্যবস্থা। বাংলাদেশের ক্রমবর্ধমান নগরায়নের প্রেক্ষাপটে ইতোপূর্বে ডবল ডেকার বাসের আমদানি শুদ্ধ সম্পূর্ণরূপে প্রত্যাহার এবং ৪০সিট বা তদুর্ধ্ব আসনের বাসের শুদ্ধহার ব্যাপকভাবে হ্রাস করা হয়েছিল। গণপরিবহন ব্যবস্থা গড়ে তোলার ক্ষেত্রে সরকার সেই সকল যানবাহনের ব্যবহার উৎসাহিত করতে চায় যা বহুসংখ্যক যাত্রী পরিবহনে সক্ষম, পরিবেশ সখ্য এবং যানজট লাঘবে সহায়ক। এই প্রেক্ষাপটে গণপরিবহন সুবিধার সম্প্রসারণ কল্পে শুধু CNG চালিত ডবল ডেকার বাসের আমদানিতে মূল্য সংযোজন করসহ যাবতীয় শুদ্ধকর প্রত্যাহার এবং শুধু CNG চালিত ৪০ বা তদুর্ধ্ব সিটের সাধারণ বাসের ক্ষেত্রে কেবলমাত্র ৫ শতাংশ আমদানি শুদ্ধ ব্যতিত অপরাপর সকল শুদ্ধকর প্রত্যাহারের প্রস্তাব করা যাচ্ছে। এই পদক্ষেপ গণপরিবহন ব্যবস্থার সন্তোষজনক উন্নয়নের সাথে সাথে দেশীয় গ্যাস ব্যবহারের মাধ্যমে জ্বালানী তেল আমদানিতে বৈদেশিক মুদ্রারও শাস্রয় ঘটাবে বলে আমি মনে করি। রপ্তানী ও অন্যান্য শিল্পের মালামাল পরিবহণে পিক-আপের ব্যাপক ব্যবহার হয়। তাই সম্পূর্ণ বিযুক্ত পিক-আপের শুদ্ধহার ১৫ শতাংশ থেকে হ্রাস করে ৫ শতাংশ করা হলো।

## মাননীয় স্পীকার,

২৪। পরিবেশ সংরক্ষণে সরকার একান্ত সচেষ্টি। পরিবেশ দূষণের জন্য দায়ী পণ্য প্রস্তুতে ব্যবহৃত ইথাইল ভিনাইল এসিটেট (EVA) এর উপর বিগত বাজেটে সর্বোচ্চ ৩৭.৫ শতাংশ শুদ্ধহার আরোপ করা হয়েছে। একই ধারাবাহিকতায় এবার HDPE (ফিল্ম থ্রেড) এর উপর আমদানি শুদ্ধ ১৫% থেকে বৃদ্ধি করে সর্বোচ্চ ৩৭.৫ শতাংশ নির্ধারণের প্রস্তাব করছি। এছাড়াও পরিবেশ দূষনকারী দুই শ্লোক ইঞ্জিন বিশিষ্ট থ্রি-হুইলার যানবাহন (টেম্পু, অটোরিক্সা ইত্যাদি) ও ইঞ্জিনসহ চেসিস এর আমদানি নিষিদ্ধ করার প্রস্তাব করছি। পরিবেশ ও বাণিজ্য মন্ত্রণালয়ের সুপারিশ এবং সুশীল সমাজের প্রবল দাবী বিবেচনা করে ঢাকা এবং অন্যান্য শহরকে মারাত্মক পরিবেশ দূষন থেকে রক্ষা করার লক্ষ্যে এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তবে বর্তমানে দেশে ব্যবহৃত দুই-শ্লোক বিশিষ্ট থ্রি-হুইলার যানবাহনের চালকরা এই বিধানের ফলে ক্ষতিগ্রস্ত হবেন না। বরং পরিবেশ দূষণ রোধ করার লক্ষ্যে বৈধভাবে আমদানিকৃত ও রেজিস্ট্রিকৃত ডিজেল ও পেট্রোল চালিত থ্রি-হুইলারকে CNG যানে রূপান্তরিত করার প্রক্রিয়াকে উৎসাহিত করার জন্য বাণিজ্যিক ব্যাংক থেকে উক্ত রূপান্তরের ব্যয় নির্বাহের নিমিত্তে সহজ শর্তে ঋণ প্রদানের ব্যবস্থা করা হবে।

## মাননীয় স্পীকার,

২৫। শিল্পের কাঁচামালের উপর শুল্ক হ্রাস করার মাধ্যমে শিল্প উন্নয়নে সহায়তা করা যেমন প্রয়োজন, তেমনি প্রয়োজন দেশের পণ্য উৎপাদনকারী শিল্পসমূহকে আমদানিকৃত পণ্যের অন্যায় প্রতিযোগিতা থেকে রক্ষা করা এবং আমদানি বিকল্প শিল্প গড়ে উঠতে সহায়তা করা। এই লক্ষ্যে টেলকম পাউডার, অ্যালুমিনিয়াম বেইস কেপ এবং এডহেসিভ ড্রেসিং এর উপর শুল্কহার বৃদ্ধি করার প্রস্তাব করছি। এ ছাড়াও একই শ্রেণীবিন্যাস কোডের একই হেডিংভুক্ত পণ্যের শুল্কহারের সমতা বিধানের লক্ষ্যে মশার কয়েলের কাঁচামাল এসবায়োথ্রিন (বাক্সে) ও নোট গণনার মেশিন এর শুল্কহার বৃদ্ধি এবং কপার ওয়্যার ও রড, অ্যালুমিনিয়াম ওয়্যার ও রড এর শুল্কহার হ্রাসের প্রস্তাব করছি। এই বিষয়ে বিস্তারিত বিবরণ পরিশিষ্ট “গ” এ দেয়া হয়েছে।

২৬। দেশে ক্রোমিয়াম সালফেটের উৎপাদন উৎসাহিত করার লক্ষ্যে এর কাঁচামাল সোডিয়াম ডাই ক্রোমেট এর শুল্কহার হ্রাস করার প্রস্তাব করছি। বিভিন্ন শ্রেণীর পলিথিন কম্পাউন্ড এর শুল্কহারের সমতা বিধানের মাধ্যমে মিথ্যা ঘোষণা বন্ধ করা এবং শুল্কহার হ্রাস করে বন্ডের মাধ্যমে আমদানিকৃত এই সকল পণ্যের অপব্যবহার রোধ কল্পে LDPE, LLDPE এবং film grade ব্যতিত অন্য HDPE এর উপর বিভিন্ন শুল্কহার একীভূত করার প্রস্তাব করছি। সম্পূর্ণ প্রস্তুত পণ্য ও মধ্যবর্তী পণ্যের মধ্যে শুল্কহারের পার্থক্য নিশ্চিত করার লক্ষ্যে লেমিনেটেড টিউবের কাঁচামাল মাল্টি লেয়ার এক্সট্রুডেট (extruded) প্লাস্টিকের উপর প্রযোজ্য আমদানি শুল্ক হ্রাস করার প্রস্তাব করছি। নবজাত ও সংকটাপন্ন শিশুর জীবন রক্ষার জন্য বেবী ইনকিউবেটরের উপর প্রযোজ্য ৫ শতাংশ শুল্কহার সম্পূর্ণ প্রত্যাহারের প্রস্তাব করছি।

২৭। দেশে বেসরকারী মালিকানায শহরে-বন্দরে বুথের মাধ্যমে টেলিযোগাযোগ ব্যবসা ক্রমান্বয়ে বাড়ছে। কিন্তু কম্পিউটারায়িত বিল প্রদানের ব্যবস্থা না থাকায় অনেক ক্ষেত্রে গ্রাহকগণ হয়রানির শিকার হচ্ছেন। এই অসুবিধা দূরীকরণের লক্ষ্যে প্রাইভেট টেলিফোন কল অপারেশনে ব্যবহার্য স্পট বিলিং মেশিনের উপর শুল্কহার হ্রাস করার প্রস্তাব করা যাচ্ছে। শুল্ক হ্রাসের ফলে এই মেশিনের ব্যবহার বৃদ্ধি পাবে এবং ভোক্তারা এতে উপকৃত হবেন বলে আশা করা যায়।

২৮। দেশে আমদানিকৃত ক্রুড মার্বেল ও মার্বেল ব্লক প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে পলিশড মার্বেল স্ল্যাব তৈরীর শিল্প গড়ে উঠেছে। প্রযুক্তিগত পরিবর্তনের সংগে তাল মিলিয়ে শুল্ক

বিবরণের প্রয়োজনীয় পরিবর্তন না হওয়ায় বৃহৎ আকৃতির মার্বেল ব্লক আমদানিতে যে শুদ্ধ বৈষম্যের সৃষ্টি হয়েছে তা দূরীকরণের লক্ষ্যে ব্রুড মার্বেল ও বৃহৎ মার্বেল ব্লকের (৪০০০ কেজি/৪মেট্রিক টন অধিক ওজনের) উপর প্রযোজ্য শুদ্ধহার পুনঃবিন্যাস করে একীভূত করার প্রস্তাব করছি।

মাননীয় স্পীকার,

২৯। বর্তমান সরকার কম্পিউটার শিল্পের উন্নয়নে সকল প্রকার সহায়তা প্রদান করে আসছে। ইতিপূর্বে কম্পিউটার ও তার যন্ত্রাংশ ও এক্সেসরিজের উপর সকল প্রকার শুদ্ধ ও কর প্রত্যাহার করা হয়েছে। একই ধারাবাহিকতায় কম্পিউটার প্রিন্টারে ব্যবহৃত Inkjet refill kit এর উপর প্রযোজ্য শুদ্ধকর সম্পূর্ণ প্রত্যাহারের প্রস্তাব করছি।

৩০। বর্তমান সরকার দেশের ক্রীড়া ও খেলাধুলার উন্নয়নে একান্ত আগ্রহী। অধিকাংশ ক্রীড়া যন্ত্রপাতি ও সরঞ্জামের উপর ১৫ শতাংশ শুদ্ধহার প্রযোজ্য। আরও কিছু ক্রীড়া সরঞ্জাম, এক্সেসরিজ এবং ক্রীড়া-পোষাকের শুদ্ধহার হ্রাস করে ১৫ শতাংশ করার প্রস্তাব করছি।

৩১। সাম্প্রতিককালে বাংলাদেশের মুদ্রন ও প্রকাশনা শিল্পের উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। তাই বিদেশ থেকে আমদানি নিরুৎসাহিত করার লক্ষ্যে বাণিজ্যিক বিপণন পণ্য, ক্যাটালগ ও ক্যালেন্ডার ইত্যাদির শুদ্ধহার “শূন্য” থেকে বৃদ্ধি করে ৫ শতাংশ নির্ধারণের, পুস্তক আমদানির ট্যারিফ বর্ণনায় একটি সংশোধনী আনয়নের এবং ফটোগ্রাফিক প্লেইট ও অফসেট রি-প্রোডাকশন ফিল্ম এর শুদ্ধহার ৩৭.৫ শতাংশ থেকে হ্রাস করে ১৫ শতাংশ নির্ধারণ করার প্রস্তাব করা হচ্ছে। শিক্ষা ও প্রশিক্ষন ব্যবস্থার আধুনিকায়নে অপরিহার্য স্লাইডের শুদ্ধহার হ্রাস করে ৫ শতাংশে ধার্য করার প্রস্তাব করছি।

৩২। পরিশিষ্ট “গ” এ প্রদত্ত বিবরণ অনুযায়ী স্থানীয় কার্বন রড শিল্পের ব্যবহার্য বিভিন্ন কাঁচামালের উপর বর্তমানে প্রযোজ্য শুদ্ধহার হ্রাস করার প্রস্তাব করছি। রাবার টায়ারের স্থায়িত্ব বৃদ্ধিতে সহায়ক এন্টিনক ও এন্টি অক্সিডেন্ট কেমিক্যাল এর উপর প্রযোজ্য ২৫ শতাংশ শুদ্ধহারকে কমিয়ে ১৫ শতাংশে নির্ধারণের প্রস্তাব করছি। দেশে উন্নতমানের জরী সূতা প্রস্তুত হচ্ছে যা বিদেশী জরী সূতার সমকক্ষ এবং দেশের চাহিদা মিঠাতে সক্ষম। তাই দেশীয় তাঁত



শিল্পকে ন্যায্য প্রতিরক্ষণ প্রদানের স্বার্থে জরী সূতার উপর প্রযোজ্য “শূণ্য” শুল্কহার বৃদ্ধি করে ১৫ শতাংশে নির্ধারণের প্রস্তাব করছি। ঔষধ শিল্পের প্যাকেজিং সামগ্রী মেডিসিন স্ট্রীপ ও ব্লিষ্টার ফয়েল দেশে উৎপাদিত হচ্ছে। এই সকল দেশীয় পণ্যের ব্যবহার উৎসাহিত করা ও স্থানীয় শিল্পের বিকাশের স্বার্থে এই সকল পণ্যের ক্ষেত্রে ফার্মাসিউটিক্যাল এস,আর,ও এর শুল্ক রেয়াত সুবিধা প্রত্যাহারপূর্বক পণ্য গুলির উপর ২৫ শতাংশ হারে শুল্ক আরোপের প্রস্তাব করছি। দেশে সিনেমা শিল্পে ব্যবহৃত আর্ক কার্বন এর বৈধ আমদানি অতি সামান্য। এই পণ্যটির বৈধ আমদানি উৎসাহিত করার লক্ষ্যে এর শুল্কহার হ্রাস করে ১৫ শতাংশ ধার্য করার প্রস্তাব করছি।

### মাননীয় স্পীকার,

৩৩। বর্তমানে ব্যাগেজ রুলের অধীনে বাংলাদেশে আগত একজন বাংলাদেশী যাত্রী তোলা (১১.৬৬৪ গ্রাম) প্রতি ৩০০.০০ (তিনশত) টাকা শুল্ক প্রদান করে মাথা পিছু ৫ (পাঁচ) কেজি সোনা আমদানি করতে পারেন। বিদেশে বাংলাদেশী স্বর্ণালংকার রপ্তানির যথেষ্ট সম্ভাবনা রয়েছে। এই সম্ভাবনাকে উৎসাহিত করার জন্য দেশের স্বর্ণালংকার শিল্পের কাঁচামালের সরবরাহ সহজ করা এবং বৈধ রুটে সোনা আমদানি উৎসাহিত করে চোরাচালান নিরুৎসাহিত করার লক্ষ্যে প্রতি তোলা সোনার শুল্কের পরিমাণ ২০০.০০ (দুইশত) টাকায় হ্রাস করা এবং যাত্রী প্রতি সোনার প্রাপ্যতা ৫ (পাঁচ) কেজি থেকে ১০ (দশ) কেজিতে উন্নীত করার প্রস্তাব করা যাচ্ছে। একই সাথে রূপার প্রাপ্যতা ১৫ (পনের) কেজি থেকে ২০ (বিশ) কেজিতে উন্নীত করার প্রস্তাব করছি।

৩৪। ইতিপূর্বে দেশে কোন ইস্পাত ও অ্যালুমিনিয়ামের তৈরী Pre-fabricated building শিল্প ছিল না। তাই বিভিন্ন কলকারখানার ভবন দ্রুত নির্মাণে সহায়তা প্রদানের লক্ষ্যে বিগত বাজেটে সম্পূর্ণ তৈরী Pre-fabricated building এর শুল্কহার ব্যাপকভাবে হ্রাস করা হয়েছিল। দেশে Pre-fabricated building তৈরীর শিল্প স্থাপিত হয়েছে। এই শিল্পের প্রতিরক্ষণের স্বার্থে ইস্পাত ও অ্যালুমিনিয়ামের তৈরী Pre-fabricated building এর উপর প্রযোজ্য শুল্কহার ৫ শতাংশ থেকে বৃদ্ধি করে ৩৭.৫ শতাংশ করার প্রস্তাব করছি। দেশীয় শিল্প উদ্যোক্তাদের ব্যয় বৃদ্ধি না করার স্বার্থে ৮ই জুন, ২০০০ ইংরেজী তারিখের পূর্বে খোলা এল/সি এর অধীনে আমদানিতব্য Pre-fabricated building সমূহের ক্ষেত্রে বর্তমান সুবিধা বলবৎ রাখা হবে।

মাননীয় স্পীকার,

৩৫। কাস্টমস এক্ট, ১৯৬৯ এর First Schedule বা বাংলাদেশের আমদানি ও রপ্তানী শুল্কহার সম্বলিত Bangladesh Customs Tariff (BCT) ১৯৯৫ সালে সর্বশেষ সংশোধন করা হয়েছিল। ইতোমধ্যে আন্তর্জাতিক পর্যায়ে পণ্য শ্রেণীবিণ্যাসের ক্ষেত্রে বেশ কিছু সংশোধনী এসেছে। জাতীয় পর্যায়েও বিগত বৎসরগুলিতে শুল্কহার সুসম করার ফলে ট্যারিফভুক্ত হার এবং সাধারণ রেয়াতী প্রজ্ঞাপনভুক্ত হারের মধ্যে পার্থক্য সৃষ্টি হয়েছে। এর ফলে কম্পিউটারে ব্যবহারের ক্ষেত্রে বর্তমান ট্যারিফ জটিলতার সৃষ্টি করছে। একীভূত ট্যারিফ প্রচলনের জন্য বিভিন্ন মহল থেকে দাবী উঠেছে। শুল্ক প্রশাসন আধুনিকায়নের জন্যও এর প্রয়োজন পড়েছে। তাই সার্বিক বিবেচনায় প্রচলিত এবং বর্তমান শিডিউল ভুক্ত বিবরণ ও শুল্কহার সমন্বিত করে নতুন শুল্ক ট্যারিফ প্রবর্তনের প্রস্তাব করা হলো। এই প্রেক্ষিতে কাস্টমস এক্ট, ১৯৬৯ এর প্রথম তফসীল প্রতিস্থাপিত হবে।

মাননীয় স্পীকার,

৩৬। একই পণ্যের জন্য একাধিক শুল্ক-করহার সীমিত করা এবং ব্যবহারকারী-ভিত্তিক শুল্করেয়াত ক্রমান্বয়ে প্রত্যাহার করার লক্ষ্যে (১) মূলধনী যন্ত্রপাতির শুল্ক-কর রেয়াত সংক্রান্ত প্রজ্ঞাপন সংশোধন, (২) ঔষধ শিল্পের কাঁচামালের শুল্ক রেয়াত আদেশ সংশোধন, (৩) বৈদ্যুতিক পণ্য উৎপাদনে ব্যবহৃত যন্ত্রাংশ ও উপকরণের শুল্ক রেয়াত আদেশ রহিতকরণ এবং (৪) মৎস্য চাষ (Pisciculture) সংক্রান্ত প্রজ্ঞাপন বাতিলের প্রস্তাব করা হলো। এই সকল প্রজ্ঞাপনে প্রদত্ত সুবিধাগুলির অধিকাংশ ইতোমধ্যে সাধারণ রেয়াতাদেশে অন্তর্ভুক্ত হয়ে গেছে এবং তা এবারের বাজেটে শুল্ক আইনের প্রথম তফসীলে (ট্যারিফ শিডিউল) অন্তর্ভুক্ত করার প্রস্তাব করা হয়েছে।

৩৭। মূলধনী যন্ত্রপাতির রেয়াতাদেশটি ৭০ দশকে প্রথম জারী করে শুল্ক কর্মকর্তাদের কঠোর তত্ত্বাবধানে এই সুবিধা প্রদানের ব্যবস্থা রাখা হয়েছিল। সেজন্য সেখানে যন্ত্রাংশ পর্যায়ে রাবার পাইপ ও লোহার তারের ন্যায় বহু সাধারণ পণ্য অন্তর্ভুক্ত ছিল। এছাড়া একাধিক বাণিজ্যিক ব্যবহার আছে এমন কিছু বৈদ্যুতিক সরঞ্জামও এর অন্তর্ভুক্ত ছিল। এই সকল পণ্যের রেয়াতী শুল্কহার এবং সাধারণ শুল্কহারের পার্থক্যের কারণে অপব্যবহার ও শুল্কফাঁকির আশংকা থেকে যায়। তাই সরলীকরণের লক্ষ্যে এই সকল পণ্যের উপর থেকে বিশেষ রেয়াত

সুবিধা প্রত্যাহারের প্রস্তাব করা হয়েছে। অন্যান্য ক্ষেত্রে যন্ত্রপাতির জন্য বাকি সকল কর মওকুফ করে পূর্বতন ৫ শতাংশ শুদ্ধহার বহাল থাকবে। যন্ত্রাংশের ক্ষেত্রে মূল যন্ত্রপাতির চালানোর সাথে আমদানিকৃত চালান মূল্যের অনধিক ১০ শতাংশ মূল্যের যন্ত্রাংশের জন্যও এই সুবিধা প্রযোজ্য হবে। এর অতিরিক্ত যন্ত্রাংশ আমদানি করা হলে ৫ শতাংশ শুদ্ধ, ১৫ শতাংশ মূসক এবং প্রযোজ্য অন্যান্য কর আদায়যোগ্য হবে। রপ্তানীমুখী শিল্প কর্তৃক মূলধনী যন্ত্রপাতি আমদানি করা হলে বর্তমানে প্রচলিত ব্যবস্থায় প্রদেয় শুদ্ধের পরিবর্তে ইনডেমনিটি বন্ডের মাধ্যমে তা খালাস অব্যাহত থাকবে। মূলধনী যন্ত্রপাতির সংগে একত্রে যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে রপ্তানীমুখী শিল্প একইভাবে অর্থাৎ চালান মূল্যের অনধিক ১০ শতাংশ মূল্যের যন্ত্রাংশ ইনডেমনিটি বন্ডে শুদ্ধ করমুক্ত খালাস করতে পারবে। পৃথকভাবে যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে ৫ শতাংশ শুদ্ধ, ১৫ শতাংশ মূসক এবং প্রযোজ্য অন্যান্য কর পরিশোধ করতে হবে।

### মাননীয় স্পীকার,

৩৮। ঔষধশিল্পের কাঁচামালের ক্ষেত্রেও রেয়াতী শুদ্ধহার সাধারণ শুদ্ধহার হিসাবে সকল আমদানিকারকের জন্য প্রয়োগ করার প্রস্তাব করা হয়েছে। তবে কস্টিক সোডা, কস্টিক পটাশ, ইথানল, এ্যাসেটিক এসিড, ডিওপি ইত্যাদি এবং বিভিন্ন মোড়ক সামগ্রীর উপর হ্রাসকৃত হার সাধারণভাবে প্রয়োগ করা হলে ব্যাপক রাজস্ব ক্ষতি হবে বিবেচনায় কেবলমাত্র এই সকল পণ্যের জন্য একটি প্রজ্ঞাপন দ্বারা বিশেষ সুবিধা অব্যাহত রাখার প্রস্তাব করা হয়েছে। বৈদ্যুতিক সরঞ্জামের যন্ত্রাংশের জন্য প্রদত্ত রেয়াতী শুদ্ধহার অধিকাংশ ক্ষেত্রে সাধারণ শুদ্ধহারের সমান হওয়ায় তা সাধারণ শুদ্ধহার হিসাবে সকল আমদানিকারকের জন্য প্রযোজ্য করার এবং ঐ হার ট্যারিফ শিডিউলভুক্ত করে প্রজ্ঞাপনটি বাতিল করার প্রস্তাব করা হলো। মৎস্যচাষ (Pisciculture) সংক্রান্ত প্রজ্ঞাপনটিতে মাত্র ছয়টি পণ্য অন্তর্ভুক্ত আছে। এই সবকয়টি পণ্য শুধুমাত্র মৎস্য চাষে ব্যবহৃত হয় তাই সকল আমদানিকারকের জন্য এই ক্ষেত্রে “শূণ্য” শুদ্ধহার প্রযোজ্য করে প্রজ্ঞাপনটি বাতিল করার প্রস্তাব করা হলো।

### মাননীয় স্পীকার,

৩৯। বাংলাদেশের জন্য বৈদেশিক মুদ্রা অর্জনে প্রবাসী বাংলাদেশীদের ভূমিকা নিঃসন্দেহে অতীব গুরুত্বপূর্ণ। জাতীয় অর্থনীতিতে তাদের এই অবদানের স্বীকৃতি হিসেবে দেশে প্রত্যাবর্তনের সময় তাদেরকে বর্ধিত সুযোগ প্রদান একান্ত কাম্য। এই উদ্দেশ্যে অপর্যটক যাত্রী

ব্যাগেজ রুল এবং ট্রান্সফার অব রেসিডেন্স রুল সংশোধনপূর্বক সহজতর ও উদার করার প্রস্তাব করছি।

৪০। আমরা ইতোমধ্যে শুদ্ধ প্রশাসন আধুনিকায়নের প্রক্রিয়া, GATT চুক্তি অনুসারে পণ্যের মূল্য নির্ধারণে Transaction Value পদ্ধতি ও বাধ্যতামূলক PSI ব্যবস্থা চালু করেছি। বর্তমান বিশ্বে বিভিন্ন দেশে ইলেক্ট্রনিক মাধ্যমে পণ্যের শুদ্ধ খালাস সংক্রান্ত ডাটা এন্ট্রি এবং প্রক্রিয়াকরণ সহজভাবে করা হয়ে থাকে। WTO এর আওতায় বাণিজ্য উদারীকরণের (globalization) অংশ হিসেবে বাংলাদেশও বাণিজ্য সহায়ক (trade facilitation) কর্মসূচী হাতে নিয়েছে। এছাড়াও বিশ্বব্যাপী কাস্টমস্ পদ্ধতি সমন্বিতকরণ (harmonization) সংক্রান্ত Kyoto Convention এবং Revised Kyoto Convention এ সম্ভাব্য স্বল্পতম সময়ে স্বাক্ষর করার বিষয়টি আমরা সক্রিয়ভাবে বিবেচনা করছি। এই প্রেক্ষাপটে বাংলাদেশের শুদ্ধায়ন প্রক্রিয়ায় ইতোমধ্যে ইলেক্ট্রনিক্স মাধ্যমের প্রাথমিক ব্যবহার শুরু হয়েছে যার ব্যাপক সম্প্রসারণ দেশের স্বার্থে দ্রুততর করতে হবে। এই সকল বিষয়ে এখনই আইনানুগ ভিত্তি সৃষ্টি করা প্রয়োজন। শুদ্ধ প্রশাসন গতিশীল করা এবং শুদ্ধ পদ্ধতি সহজতর করার জন্যও কতিপয় ধারা সংশোধন ও নতুন ধারা সংযোজন করা প্রয়োজন। তাই, কাস্টমস্ এ্যাক্ট, ১৯৬৯ এর বিভিন্ন ধারার সময়োপযোগী ও প্রয়োজনীয় সংশোধন ও কতিপয় নতুন ধারা সংযোজনের প্রস্তাব করছি। এর ফলে শুদ্ধায়নে আধুনিক ব্যবস্থা প্রবর্তনের আইনগত কাঠামো তৈরী হবে যা ক্রমান্বয়ে আমদানি ও রপ্তানি পণ্য-খালাস দ্রুত, সহজ ও হরানিমুক্ত করতে সাহায্য করবে।

## মূল্য সংযোজন কর ও সম্পূরক শুদ্ধ

মাননীয় স্পীকার,

৪১। ১৯৯১ সনে প্রবর্তিত মূল্য সংযোজন কর ব্যবস্থা জাতীয় রাজস্ব আদায়ে উল্লেখযোগ্য পরিবর্তন এনেছে। দেশের সকল পণ্যের লেনদেনের উপর এই কর আদায়ের পদক্ষেপ হিসেবে গতবছর ট্রেড সার্ভিসের সংজ্ঞার আওতায় আমদানীকৃত এবং উৎপাদিত সকল পাইকারী ও শতাধিক পণ্যের খুচরা পর্যায়ে এই কর ব্যবস্থা সম্প্রসারণ করা হয়। এ ব্যবস্থা প্রবর্তনে দেশের বিভিন্ন পণ্যের লেনদেনে অনেক ক্ষেত্রে খুচরা ও পাইকারী বিক্রয় চিহ্নিতকরণে বাস্তব সমস্যার উদ্ভব হচ্ছে। কর আদায়ে স্বচ্ছতা আনার লক্ষ্যে এ সমস্যা দূর করা প্রয়োজন।

তাছাড়াও দেশের খুচরা পর্যায়ে অনেক পণ্যের ক্ষেত্রে মূল্য সংযোজন কর ব্যবস্থা সম্প্রসারিত না হওয়ায় কর আরোপে বৈষম্যের সৃষ্টি হচ্ছে। এই সমস্যাবলী নিরসনের লক্ষ্যে আমি মূল্য সংযোজন কর ব্যবস্থায় “ট্রেড সার্ভিস” এর সংজ্ঞা বিলুপ্তির প্রস্তাব করছি। বিকল্প ব্যবস্থায় দেশের করযোগ্য সকল পণ্যের বিক্রয়ের ক্ষেত্রে এক হারে মূল্য সংযোজন কর আরোপের প্রস্তাব করছি। তবে যেসব পণ্যের ক্ষেত্রে মূল্য সংযোজন কর ব্যবস্থা প্রযোজ্য নয় সেসব পণ্য বিক্রয়ের ক্ষেত্রে এই কর আদায় করা হবে না। পাইকারী ও খুচরা ব্যবসা নির্ধারণের জটিলতা পরিহার এবং কর আদায় পদ্ধতিকে সহজ করার লক্ষ্যে পাইকারী পর্যায়ের ১০% এবং খুচরা পর্যায়ের ১৫% মূল্য সংযোজনকে একীভূত করে সকল ক্ষেত্রেই ১৩.৩৫% মূল্য সংযোজনের ভিত্তিতে পণ্য বিক্রয়কালে পণ্যের মোট মূল্যের উপর ২% হারে মূল্য সংযোজন কর আদায়ের প্রস্তাব করছি।

মাননীয় স্পীকার,

৪২। মূল্য সংযোজন কর একটি পরোক্ষ কর যা পণ্য বা সেবা প্রদানের বিপরীতে পণ্য বা সেবা মূল্যের সাথে ক্রেতা প্রদান করে থাকেন। নিয়মানুযায়ী পণ্যের বিক্রেতা বা সেবা প্রদানকারী ক্রেতার নিকট থেকে এই কর আদায়পূর্বক তা সরকারের কোষাগারে জমা দেয়ার কথা। কিন্তু বর্তমান আইনে বিক্রেতা কর্তৃক ক্রেতার নিকট থেকে এই কর আদায়ের বিষয়ে সুস্পষ্ট বিধান না থাকায় করদাতা ও পণ্যের ক্রেতার মধ্যে ভুল বোঝাবুঝির সৃষ্টি হচ্ছে। এ অবস্থা নিরসনের লক্ষ্যে মূল্য সংযোজন কর আইনে বিক্রেতা কর্তৃক পণ্য মূল্য বা সেবা মূল্যের সাথে এই কর আদায়ের ক্ষমতা প্রদানের সুস্পষ্ট বিধান প্রবর্তনের প্রস্তাব করছি।

মাননীয় স্পীকার,

৪৩। মূল্য সংযোজন কর আইনে বর্তমানে কর আরোপযোগ্য নয় এরূপ পণ্যাদির তালিকা সম্বলিত প্রথম তফসিল এবং করযোগ্য সেবাসমূহ সম্বলিত দ্বিতীয় তফসিল সন্নিবেশিত আছে। একই আইনে দুটি ভিন্নমুখী তফসিল বিদ্যমান থাকায় নানাবিধ অসুবিধার সৃষ্টি হচ্ছে। এই অসুবিধাদি দূরীকরণের লক্ষ্যে আইনের বর্তমান দ্বিতীয় তফসিলভুক্ত করযোগ্য ৫৭টি সেবাখাতের তালিকা বিলুপ্ত এবং তৎপরিবর্তে মূল্য সংযোজন কর আরোপযোগ্য নহে এরূপ সেবাখাতসমূহের একটি তালিকা প্রতিস্থাপনের প্রস্তাব করছি। বর্তমান করযোগ্য সেবাখাতসমূহের সংজ্ঞা, ব্যাখ্যা, সংকুচিত হার, অব্যাহতি ও কর আদায় পদ্ধতি যথারীতি অপরিবর্তিত থাকবে। নতুন সেবাখাত হিসাবে চার্টারে বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী এবং ভিডিও ও অডিও সিডি ভাড়া

প্রদানকারী প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন করের আওতায় আনার প্রস্তাব করছি। নিউজপ্রিন্টকে Excises and Salt Act, 1944 এর First Schedule থেকে প্রত্যাহার করে মূল্য সংযোজন কর ব্যবস্থায় আনার প্রস্তাব করছি। সমমান ও পর্যায়ে কর্মকাণ্ডের ভিত্তিতে অব্যবহিত পূর্ববর্তী অর্থবছরের তুলনায় অনূন্য বিশ শতাংশ বেশী রাজস্ব প্রদানের অঙ্গীকারের ভিত্তিতে যে সুবিধা গত বছরের বাজেটে দেয়া হয়েছিল অপব্যবহারের কারণে তা প্রত্যাহারের প্রস্তাব করছি।

### মাননীয় স্পীকার,

৪৪। মূল্য সংযোজন কর ব্যবস্থাকে আরো সুসংহতকরণ ও তার সুষ্ঠু বাস্তবায়নের মাধ্যমে পরিপূর্ণ সফল পাওয়ার জন্য এর বিধানাবলী আরো স্বচ্ছ ও সহজীকরণ করার অংশ হিসাবে প্রদেয় করের বিপরীতে যেসব ক্ষেত্রে করদাতা উপকরণ কর রেয়াতের অধিকার রাখেন না সে গুলো সংশ্লিষ্ট বিধানে অন্তর্ভুক্তির প্রস্তাব করছি। এই কর ব্যবস্থায় বিভিন্ন অপরাধের ক্ষেত্রে আরোপযোগ্য বর্তমান নির্দিষ্ট পরিমাণ অর্থদণ্ডের পরিবর্তে আরোপযোগ্য অর্থদণ্ডের সর্বনিম্ন ও সর্বোচ্চ পরিধি নির্ধারণের প্রস্তাব করছি। এই আইনের অধীনে আরোপিত কোন অর্থদণ্ডের বিরুদ্ধে আপীল কমিশনার ও ট্রাইবুনাতে আপীল দায়েরকালে অর্থদণ্ডের যথাক্রমে দশ এবং পঁচিশ শতাংশ পরিমাণ অর্থ জমা প্রদানের বর্তমান ব্যবস্থা পরিবর্তন করে প্রথম আপীলের ক্ষেত্রে অর্থদণ্ডের পাঁচ শতাংশ এবং ট্রাইবুনাতে আপীলের ক্ষেত্রে দশ শতাংশ পরিমাণ অর্থ জমা প্রদানের বিধান করার প্রস্তাব করছি। বর্তমানে আপীল গৃহীত হওয়ার ছয় মাসের মধ্যে বিভিন্ন আনুষ্ঠানিকতা সম্পন্ন করে অনেক ক্ষেত্রে মামলার নিষ্পত্তি সম্ভব না হওয়ায় বহু মামলা তামাদি হয়ে যাচ্ছে। সরকারের রাজস্ব সংরক্ষণের স্বার্থে এ সময়সীমা বৃদ্ধি করে বারো মাস নির্ধারণ করার প্রস্তাব করছি।

### মাননীয় স্পীকার,

৪৫। মূল্য সংযোজন কর ব্যবস্থায় একজন করদাতা স্ব-ব্যবস্থায় কর নিরূপণ ও পরিশোধের দায়িত্ব পালন করেন। এ ব্যবস্থায় করদাতার কার্যক্রম ও কর পরিশোধের দায়-দায়িত্ব প্রতিপালনের ত্রুটি বিচ্যুতি সনাক্তকরণে অডিট এককভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অতীতে চার্টার্ড একাউন্ট্যান্ট ফার্মকে মূল্য সংযোজন কর কর্মকর্তার সহায়তাকারী হিসাবে অডিট দায়িত্ব পালনের ক্ষমতা দেয়া হলেও তার পারিশ্রমিক প্রদানের কোন বিধান করা হয়নি। বাণিজ্যিক অডিটরদের দায়িত্ব পালনে যুক্তিসংগত পরিমাণ পারিশ্রমিক ও কৃতিত্বপূর্ণ কর ফাঁকির

রহস্য উৎঘাটনের ক্ষেত্রে উৎঘাটিত গুপ্ত ও কর সরকারী খাতে জমা হওয়া সাপেক্ষে তাদেরকে আদায়কৃত অর্থের সর্বোচ্চ ১০ শতাংশ পুরস্কার প্রদানের প্রস্তাব করছি। বোর্ড কর্তৃক নির্ধারিত কাস্টমস্, এক্সাইজ ও মূল্য সংযোজন কর কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত বিশেষ অডিট দল কোন কর ফাঁকি উৎঘাটনে সমর্থ হলে তাদের ক্ষেত্রেও সনাক্ত ও আদায়কৃত রাজস্বের সর্বোচ্চ ৫ শতাংশ পরিমান অর্থ পুরস্কার হিসাবে প্রদানের বিধান প্রবর্তনের প্রস্তাব করছি।

মাননীয় স্পীকার,

